

# জেলা পরিষদ কার্যালয়

ভোলা

[www.zpbhola.gov.bd](http://www.zpbhola.gov.bd)

তারিখ : ১৬-০১-২০২২ খ্রি.



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২৭/১০/২০২১ খ্রি: তারিখের ৪৬.০০.০০০.০৪২.১১.০১৫.১৯(অংশ) ২২৩৬নং স্মারকের প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী ভোলা জেলা পরিষদের নিম্নে বর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য ভোলা জেলার প্রকৃত নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে ২০১৫ সালের জাতীয় বেতন ক্ষেত্রে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম        | শূন্য পদ সংখ্যা | বেতন গ্রেড | বয়সসীমা  | শিক্ষাগত যোগ্যতা   |
|---------|-----------------|-----------------|------------|---|--|
| ০১      | বার্তা বাহক     | ০১ (এক)টি       | ২০তম       | ১৮-৩০ বছর তবে উপজাতি এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর। | ন্যূনতম অষ্টম শ্রেণী/এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।                                    |
| ০২      | ইলেক্ট্রিশিয়ান | ০১ (এক)টি       | ২০তম       | ঞ্চ   | এসএসসি সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০৬ মাস মেয়াদী ইলেক্ট্রিক্যাল ট্রেড কোর্স পাশের সনদপত্র |

### “শর্তাবলী”

- আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা-এর বরাবরে আগামী ৩০/০১/২০২২ খ্রি: তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জেলা পরিষদ, ভোলা কার্যালয়ে পৌছাতে হবে।
- ২৫/১১/২০২১ খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- দরখাস্তে নিম্ন লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে।  
(ক) নাম (স্পষ্ট অক্ষরে), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থানী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ,  
(ছ) ২৫/১১/২০২১ খ্রি: তারিখের বয়স (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ট) অভিজ্ঞতা (যদি থাকে)
- দরখাস্তের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে?  
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।  
(খ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।  
(গ) পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি ছবি সত্যায়িত।  
(ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা-এর অনুকূলে ৫০০/- (পাঁচ শত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।  
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ০১ (এক) কপি দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ ত্রুটিযুক্ত ও নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথ অনুসরণ করা হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের যাতায়াত বাবদ কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- চাকুরীর প্রার্থীদের তাদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অত্রাফিসে দাখিল করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
- চাকুরির শর্তাবলী বেতন ভাতা/সুযোগ সুবিধার ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা/কর্মচারী চাকুরি বিধিমালা ১৯৯০ এবং সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ইতিপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকিবে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ড. মোহাম্মদ আরিফুর রহমান সেখ)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, ভোলা

ফোন : ০৪৯১-৬১৩৫১

E-mail: [ceo@zpbhola.gov.bd](mailto:ceo@zpbhola.gov.bd)